



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.১৮-৬৯৮

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪২৫  
১৯ নভেম্বর ২০১৮


**বিষয়ঃ একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নির্বাচনি এলাকায় নতুন ভিজিডি কার্ড ইস্যুসহ নতুন ধরনের কোন প্রকার অনুদান/ত্রাণ বিতরণ কার্যক্রম স্থগিত রাখা**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণ আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখ রবিবার অনুষ্ঠিত হবে (সময়সূচির প্রজ্ঞাপন: সংলগ্নী-১)। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ (সংলগ্নী-২) এর বিধি ৩ক অনুযায়ী নির্বাচন-পূর্ব সময়ে অর্থাৎ নির্বাচনি তফসিল ঘোষণার তারিখ হতে নির্বাচনের ফলাফল সরকারি গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত কোন সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের তহবিল হতে কোন ব্যক্তি বা গোষ্ঠী বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন প্রকার অনুদান ঘোষণা বা বরাদ্দ প্রদান বা অর্থ অবমুক্ত করতে পারবেন না। এ বিধিমালার বিধান লংঘন দণ্ডনীয় অপরাধ হিসাবে গণ্য হবে এবং উক্তরূপ অপরাধের জন্য সংশ্লিষ্টগণ উল্লিখিত আচরণ বিধিমালার বিধি ১৮ অনুযায়ী দণ্ডনীয় হবেন।

০২। একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে প্রভাবমুক্ত রাখার লক্ষ্যে নির্বাচন কমিশন আরো সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, নির্বাচন সমাপ্ত না হওয়া পর্যন্ত সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে নতুন ভিজিডি কার্ড ইস্যুসহ নতুন ধরনের কোন প্রকার অনুদান/ত্রাণ বিতরণ কার্যক্রম গ্রহণ করা যাবে না। তবে যে সকল ত্রাণ কার্যক্রম পূর্ব হতে পরিচালিত হচ্ছে সেগুলোর কার্যক্রম অব্যাহত থাকবে।

০৩। বর্ণিতাবস্থায়, নির্বাচনের কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত নির্বাচনি এলাকায় উল্লিখিতভাবে নতুন ভিজিডি কার্ড ইস্যুসহ ত্রাণ/অনুদান বিষয়ক কার্যক্রম গ্রহণ না করার জন্য এবং কোন এলাকায় অনুদান/ত্রাণ বিতরণ সংক্রান্ত নতুন কার্যক্রম গ্রহণ আবশ্যিক হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ/জেলা প্রশাসকের মাধ্যমে বিতরণ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে নির্বাচন কমিশনের সম্মতি গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক

  
(ফরহাদ আহাম্মদ খান)

যুগ্ম সচিব (নির্বাচন পরিচালনা-২)

ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)

০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)

E-mail: forhadakecs2015@gmail.com

সচিব

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.১৮-৬৯৮

তারিখ: ০৫ অগ্রহায়ণ ১৪২৫  
১৯ নভেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৩. সচিব, ..... মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৪. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৫. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

অফিসের ঠিকানাঃ


নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫

ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৬. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৭. বিভাগীয় কমিশনার, ..... (সকল)
৮. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..... (সকল)
১১. জেলা প্রশাসক, ..... (সকল) ও রিটার্নিং অফিসার
১২. জোনাল এক্সিকিউটিভ অফিসার, ..... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৩. পুলিশ সুপার, ..... (সকল)
১৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৫. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..... (সকল)
১৬. উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
১৭. .... ও সহকারী রিটার্নিং অফিসার
১৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২১. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ..... (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২২. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ..... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৩. উপজেলা/থানা নির্বাচন অফিসার ..... (সকল)।

  
 (মোঃ আতিয়ার রহমান)  
 উপসচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা  
 ফোন: ৫৫০০৭৬১০ ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮  
 ০১৭১৬৮৪৬৯৮২ (মোবাইল)  
 E-mail: sasemc1@gmail.com